



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/কাস/২০২২/১৫

তাং ০৬/০২/২০২২ইং

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ বিভিন্ন প্রজ্ঞাপনের আওতায় আমদানীকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ব্যবহারের পর বিক্রয় বা নিষ্পত্তি প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ড এর স্মারক নং-৭(১২) কাস-১/৯৪(অংশ-১)/৫০৬১, তারিখঃ ২৯/১২/২০১৯ইং

প্রিয় মহোদয়,

সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠান বা শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন প্রজ্ঞাপনের আওতায় গুন্ডমুক্তভাবে বা রেয়াতি সুবিধায় আমদানীকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দীর্ঘদিন ব্যবহারের পর আর প্রয়োজন না হলে বা কার্যক্ষমতা হারিয়ে ব্যবহারের অযোগ্য হলে তা কতিপয় শর্ত প্রতিপালন সাপেক্ষে নিষ্পত্তি করা যাবে।

এ'বিষয়ে সূত্রে বর্ণিত জাতীয় রাজস্ব বোর্ডের স্মারকটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে দুই পাতা।

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং-৭(১২) কাস-১/৯৪(অংশ-১)/ ২০১২

তারিখঃ ২৯/১২/২০১২ খ্রিঃ।

বিষয়ঃ বিভিন্ন প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ব্যবহারের পর বিক্রয় বা নিষ্পত্তি সংক্রান্ত।

সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান বা শিল্প প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন প্রজ্ঞাপনের আওতায় শুল্কমুক্তভাবে বা রেয়াতি সুবিধায় আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ দীর্ঘদিন ব্যবহারের পর আর প্রয়োজন না হলে বা কার্যক্ষমতা হারিয়ে ব্যবহারের অযোগ্য হলে তা নিম্নরূপ শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে নিষ্পত্তি করা যাবে:

- (১) আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ন্যূনতম ০৮ (আট) বছর ব্যবহৃত হতে হবে;
- (২) আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ন্যূনতম ০৮ (আট) বছর ব্যবহারের পর উন্মুক্ত দরপত্রের মাধ্যমে বিক্রয় করা যাবে এবং বিক্রয়ের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর বিধানাবলী প্রযোজ্য হবে;
- (৩) আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ০৮ (আট) বছর অতিবাহিত হওয়ার পর পুনরায় ব্যবহারের জন্য বিক্রয় করলে উক্ত পণ্যের অর্থনৈতিক আয়ুষ্কাল কমপক্ষে ০৫ (পাঁচ) বছর রয়েছে মর্মে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ারের নিকট হতে প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে;
- (৪) আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ ০৮ (আট) বছর অতিবাহিত হওয়ার পর পুনরায় ব্যবহারের অযোগ্য হলে তা ক্ষয় হিসেবে বিক্রয়ের ক্ষেত্রে উক্ত পণ্যের অর্থনৈতিক আয়ুষ্কাল নেই এবং ব্যবহারের অযোগ্য মর্মে আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সার্ভেয়ার এবং সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তর হতে প্রত্যয়নপত্র গ্রহণ করতে হবে;
- (৫) প্রজ্ঞাপনের আওতায় শুল্কমুক্ত বা রেয়াতি সুবিধায় আমদানির ক্ষেত্রে কোন দপ্তর বা পোষক মন্ত্রণালয়ের প্রত্যয়ন গ্রহণের বাধ্যবাধকতা থাকলে উক্ত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ নিষ্পত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রত্যয়নকারী কর্তৃপক্ষের অনাপত্তি গ্রহণ করতে হবে;
- (৬) আমদানিকৃত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ সাময়িকভাবে শুল্কায়িত হয়ে থাকলে তা চূড়ান্ত শুল্কায়নের ক্ষেত্রে উক্ত মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশের উপর Customs Act, 1969 এর section 30 ও 30A অনুযায়ী শুল্ককর, মূল্য এবং বিনিময় হার নির্ধারিত হবে। ব্যবহৃত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য নির্ধারণের ক্ষেত্রে আমদানির সময় সাময়িক শুল্কায়নের ক্ষেত্রে বিবেচ্য মূল্য হতে প্রতি বছর ১০ শতাংশ হারে অবচয় হিসেব করে সর্বোচ্চ ৮০ শতাংশ পর্যন্ত অবচয় সুবিধা প্রদান করে মূল্য নির্ধারণ করতে হবে। অবচয় গণনার ক্ষেত্রে কোন বছরের ০৬ মাস অতিক্রান্ত হয়ে গেলে তা পূর্ণ বছর হিসেবে পরিগণিত হবে;

মোহাম্মদ মেহরাজ-উল-আলম স্মার্ট

দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি)

ই-মেইল: sscuspolicy@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/আইসিডি, কমলাপুর/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/পানগাঁও।
- ৭-১৮। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম)/ঢাকা (পূর্ব)/ঢাকা (দক্ষিণ)/ঢাকা(উত্তর)/চট্টগ্রাম/ যশোর/ খুলনা/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (এলটিইউ) ভ্যাট, ঢাকা।
- ১৯-২০। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
- ২১-২৪। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর/কাস্টমস একাডেমি, চট্টগ্রাম।
- ২৫-২৯। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১,২/চট্টগ্রাম/ খুলনা।
- ৩০। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, ঢাকা।
- ৩১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ০১। পি এ স টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
- ০২। পিএ টু সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য) ।
- ০৩। পিএ টু প্রথম সচিব (সকল কাস্টমস ও ভ্যাট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রথম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য) ।